ঢাকায় আসছেন দক্ষিণ এশিয়ার ৪ শীর্ষ নেতা

ঢাকা সফরে আসছেন দক্ষিণ এশিয়ার চার শীর্ষ নেতা। নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারি ও মালদ্বীপের রাষ্ট্রপতি ইবরাহিম মোহামেদ সলিহ এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে চলতি মাসেই ঢাকায় আসবেন।

বুধবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত নিরাপত্তা বিষয়ক উপকমিটির সভা শেষে কমিটির আহ্বায়ক ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে জাতীয় প্যারেড গ্রাউন্ডে আগামী ১৭ থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ দিনব্যাপী ধারাবাহিকভাবে অনুষ্ঠানের আয়োজন করা হবে। অনুষ্ঠানে দুটি দেশের রাষ্ট্রপতি ও দুটি দেশের প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম জানান, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে এখন পর্যন্ত ভারত ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী এবং নেপাল ও মালদ্বীপের রাষ্ট্রপতির সফরে আসার কথা রয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, বিদেশি কূটনীতিকদের অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বিদেশি অতিথিদের যাতায়াতে এবং যেসব হোটেলে তারা অবস্থান করবেন, সেগুলোর ভেতরে ও বাইরে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। সব অনুষ্ঠানে গোয়েন্দা নজরদারি থাকবে। অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্স ও ফায়ার সার্ভিস রাখা হবে। সঙ্গে জরুরি মেডিকেল সাপোর্টও রাখা হবে।

জাতীয় প্যারেড গ্রাউন্ডে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সমন্বয়ের জন্য একটি কন্ট্রোল রুম থাকবে জানিয়ে তিনি বলেন, অনুষ্ঠানস্থলে সব ধরনের ইউটিলিটি সেবাও থাকবে। এছাড়া মশক নিধনের ব্যবস্থাও করা হবে।

অনুষ্ঠান চলাকালে যানজট এড়াতে কী পরিকল্পনা নেওয়া হয়েছে- এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমাদের পুলিশ প্রধানসহ নিরাপত্তা বাহিনী এটা নিয়ে কাজ করবে। তারা অনুষ্ঠানের আগে সুনির্দিষ্টভাবে জানিয়ে দেবে কীভাবে যান চলাচল করবে, কোন রাস্তা কতক্ষণের জন্য বন্ধ থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক কামাল আবদুল নাসের চৌধুরী, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদসহ অন্যান্য কর্মকর্তারা।

করোনা টিকা নিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ

করোনাভাইরাসের টিকা নিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বুধবার বিকালে তিনি টিকার প্রথম ডোজ নেন।

এর আগে গত ৪ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের টিকার প্রথম ডোজ নিয়েছেন। গত ২৪ ফেব্রুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট মেয়ে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বোন শেখ রেহানা করোনাভাইরাসের টিকা নেন।

গত ২৮ জানুয়ারি রাজধানীর পাঁচটি হাসপাতালে প্রথমবারের মতো করোনার টিকা দেওয়া শুরু হয়। পরে গত ৭ ফেব্রুয়ারি দেশব্যাপী গণটিকাদান কার্যক্রম শুরু হয়।

ইতোমধ্যেই অনেক বিশেষ ব্যক্তি ও মন্ত্রীরাও কোভিড-১৯ ভ্যাকসিনের প্রথম ডোজ নিয়েছেন।

দেশব্যাপী এক হাজার পাঁচটি কেন্দ্রে করোনার টিকা দেওয়া হচ্ছে।

[redacted]

[redacted]

এর আগে ২০১৯ সালের আগস্টেও তুর্কি অস্ত্র ক্রয় আটকে দিয়েছিলেন তখনকার মার্কিন প্রেসডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

যুদ্ধের ডাক আফরোজা আব্বাসের

আন্তর্জাতিক নারী দিবসে দলীয় নেতাকর্মীদের আরেকটা যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানিয়েছেন মহিলা দলের সভাপতি আফরোজা আব্বাস। তিনি বলেছেন, আজ এ সরকারের আমলে আমরা নারীরা সবচেয়ে বেশি অবহেলিত, বঞ্চিত ও নির্যাতিত। এ অবস্থা থেকে উত্তরণে আমাদের অবশ্যই জেগে উঠতে হবে।
সোমবার আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে জাতীয়তাবাদী মহিলা দলের র্যা লি-পূর্ব সমাবেশে তিনি এ মন্তব্য করেন।
রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এ র্যা লির আয়োজন করে।
জাতীয়তাবাদী মহিলা দল সভাপতি বলেন, গণতন্ত্রকে ফিরিয়ে আনতে হবে। দেশনেত্রী খালেদা জিয়া মানে গণতন্ত্র, দেশনেত্রী বেগম খালেদা জিয়া মানে বাংলাদেশ। গণতন্ত্রকে পুনরুদ্ধার করতে হলে আমাদের আবার আরেকটা মুক্তিযুদ্ধ করতে হবে।
আরেকটা যুদ্ধের আহ্বান জানিয়ে তিনি বলেন, এই আন্তর্জাতিক নারী দিবসে আমাদের অঙ্গীকার হোক- আসুন আরেকটা মুক্তিযুদ্ধ করি। যে যুদ্ধে নারীরা অগ্রণী ভূমিকা পালন করবে, দেশনেত্রীকে মুক্ত করবে। দেশনেত্রী মুক্ত হলে গণতন্ত্র মুক্ত হবে।
মহিলা দলের সাধারণ সম্পাদক সুলতানা আহমেদের পরিচালনায় র্যা লি-পূর্ব সমাবেশে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য আবদুস সালাম, সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী, মহিলা দলের সাবেক সভাপতি নুরে আরা সাফা, মহিলা দলের যুগ্ম সাধারণ সম্পাদক হেলেন জেরিন খান, কেন্দ্রীয় নেত্রী নেওয়াজ হালিমা আরলি, নিলুফার চৌধুরী মনি ও জাহান পান্না বক্তব্য দেন।
সমাবেশে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, প্রধান বিচারপতি ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলার শুনানিতে বলেছেন, ‘সামাজিক যোগাযোগমাধ্যমে কুরুচিপূর্ণ বক্তব্য দেয়া ঠিক নয়।’

আবার বলেছেন, ‘অন্যান্য দেশেও ব্যঙ্গচিত্র হয়, কিন্তু বাংলাদেশের ব্যঙ্গচিত্র অন্যরকম। এতে দেশের ইমেজ ক্ষুণ্ন হয়।’ কিন্তু আমি প্রধান বিচারপতির কাছে একটি প্রশ্ন রাখতে চাই, কোনো নাগরিকের কথা বলা, মুক্তকণ্ঠে আওয়াজ তোলা, চিত্রাঙ্কনে ব্যঙ্গচিত্র তুলে ধরলে যদি তাকে সরকারি হেফাজতে খুন করা হয় তাহলে তাতে কি দেশের ভাবমূর্তি বৃদ্ধি পায়?

15
Shares
facebook sharing buttonmessenger sharing button

হঠাৎ বিস্ফোরণে উড়ে গেল দরজা, একই পরিবারের দগ্ধ ৫

নারায়ণগঞ্জের ফতুল্লায় ছয়তলা একটি ভবনে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে শিশুসহ একই পরিবারের পাঁচজন দগ্ধ হয়েছেন।

সোমবার রাত সাড়ে ১২টার দিকে ফতুল্লার এনায়েতনগর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পশ্চিম মাসদাইর শেরেবাংলা লিংক রোডের ছায়াবীথি আবাসিক এলাকার সৌদি প্রবাসী আকবরের বাড়িতে এ ঘটনা ঘটে। বাড়িটি আকবরের স্ত্রী নাসরিন আক্তারের নামে।

দগ্ধরা হলেন- গার্মেন্ট শ্রমিক মিশাল (২৬), তার স্ত্রী মিতা (২৩), তাদের দেড় বছর বয়সের শিশুসন্তান মিনহাজ এবং মিশালের দুই শ্যালক হোসিয়ারি শ্রমিক মাহফুজ ও সজীব। তাদের আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে।

জানা যায়, হঠাৎ ভয়াবহ এ বিস্ফোরণে ছয় তলার দুটি ও পঞ্চম তলার একটি ফ্ল্যাটের দরজা ভেঙে টুকরো হয়ে উড়ে যায়। জানালার গ্রিল ভেঙে বাঁকা হয়ে গেছে, থাইগ্লাসগুলো চূর্ণ হয়ে মাটিতে পড়ে গেছে।

ফায়ার সার্ভিসের ধারণা, গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণের এ ঘটনা ঘটে থাকতে পারে।

বাড়িওয়ালার ছোটভাই কাওছার জানান, চলতি মাসে পরিবারটি ষষ্ঠ তলায় তিন রুমের একটি ফ্ল্যাট ভাড়া নিয়ে ওঠেন। গ্যাসের চুলার লিকেজ থেকে গ্যাস নির্গত হয়ে ওই ফ্লাটের বিভিন্ন রুমে তা জমাট বেঁধে থাকে। রাতে খাওয়ার পর পরিবারের কেউ সিগারেট অথবা মশার কয়েল জ্বালানোর উদ্দেশ্যে আগুন জ্বালালে মুহূর্তের মধ্যে বিস্ফোরণ ঘটে ঘরে আগুন ধরে যায়। এসময় অন্যান্য রুমেও ছড়িয়ে পড়ে।

এতে ওই পরিবারের পাঁচ সদস্য দগ্ধ হন। তাদের ডাক চিৎকারে বাড়ির অন্যান্য ফ্ল্যাটের বাসিন্দারা এসে আগুন নেভানোসহ দগ্ধদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে পাঠান।

নারায়ণগঞ্জ শহরের মণ্ডলপাড়া ফায়ার স্টেশনের স্টেশন অফিসার বেলাল হোসেন জানান, খবর পেয়ে মণ্ডলপাড়া ফায়ার স্টেশনের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়। তবে তার আগেই আগুন নিভিয়ে ফেলেন স্থানীয়রা।

আগুনে ওই ফ্ল্যাটের অধিকাংশ আসবাবপত্র পুড়ে যায়। এ ঘটনায় তদন্ত চলছে এবং দগ্ধদের ঢামেকের বার্ন ইউনিটে চিকিৎসা দেওয়া হচ্ছে বলে জানান ফায়ার সার্ভিসের ওই কর্মকর্তা।

মঞ্চে বক্তব্য দেওয়া নিয়ে ২ আ.লীগ নেতার হাতাহাতি, আহত ১২

ফেনীর ৭ মার্চের অনুষ্ঠানে বক্তব্য দেওয়া নিয়ে ফেনীর সোনাগাজী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র খোকন ও ইউপি চেয়ারম্যান জহির উদ্দিন লিপটনের হাতিহাতির ঘটনা ঘটেছে।

এ সময় সাংবাদিক গাজী হানিফ, স্বেচ্ছাসেবক লীগ নেতা সাইফুল, সারোয়ার, ছাত্রলীগসহ ১২ জন আহত হয়েছেন।

রোববার রাতে সোনাগাজী জিরোপয়েন্টে এ ঘটনা ঘটে।

সোনাগাজী থানার ওসি সাজেদুল ইসলাম এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

Shares
facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonpinterest sharing buttonlinkedin sharing buttonprint sharing button

হয়েছে।

দেশটির নিয়মানুযায়ী, যে কোনো বিষয়ে এক লাখ মানুষ স্বাক্ষর প্রদান করলে সেই প্রস্তাবের ওপর জাতীয় ভোট অনুষ্ঠিত হয়। খবর বিবিসির।

দেশটির কট্টর ডানপন্থি দল সুইস পিপলস পার্টি (এসপিপি) বহুদিন ধরেই ইসলামবিরোধী প্রচারণা চালাচ্ছে। তারাই মূলত পার্লামেন্টে এ প্রস্তাব আনে।

রোববার অনুষ্ঠিত গণভোটে ৫১ দশমিক ২ শতাংশ মানুষ প্রস্তাবটির পক্ষে রায় দিয়েছেন। বিপক্ষে ভোট পড়ে ৪৮ দশমিক ২ শতাংশ।

মুসলিমবিদ্বেষী এ প্রস্তাব পাস হওয়ায় এই দিনটিকে দেশটির জন্য একটি কালো দিন হিসেবে আখ্যায়িত করেছেন সুইস ইসলামি গ্রুপের নেতারা।

তবে ২৬টি ক্যান্টন বা প্রশাসনিক অঞ্চলের ছয়টিতে বেশিরভাগ মানুষ এই প্রস্তাব সমর্থন করেননি। এর মধ্যে রয়েছে সবচেয়ে বড় তিন শহর জুরিখ, জেনেভা ও বাসেল। এমনকি রাজধানী বার্নের অধিকাংশ মানুষও ছিলেন বিপক্ষে।

প্রস্তাব অনুযায়ী, কোনো ব্যক্তি জনসমক্ষে মুখ ঢেকে রাখতে পারবেন না। রেস্টুরেন্ট, স্টেডিয়াম, গণপরিবহন—এমনকি রাস্তায় হাঁটার ক্ষেত্রেও মুখ আবৃত করে এমন পোশাক পরা যাবে না।

তবে ধর্মীয় উপাসনালয় এবং নিরাপত্তা ও স্বাস্থ্যগত কারণে এই নিয়ম প্রযোজ্য হবে না। অর্থাৎ করোনা থেকে রক্ষায় মাস্ক পরতে কোনো সমস্যা নেই। তবে প্রার্থনাস্থলে এই নিয়মের ছাড় দেওয়া হবে।

ইতিমধ্যে দেশটির দুটি অঞ্চলে নিয়মটি কার্যকর রয়েছে, যা সারা দেশে প্রযোজ্য হবে কিনা সেই বিষয়ে রোববার গণভোট হয়।

সুইজারল্যান্ডে এই প্রস্তাবের কোথাও বোরকা বা নেকাবের কথা আলাদা করে বলা হয়নি। তবে এর পক্ষের রাজনৈতিক প্রচারে মুসলিম নারীদের পোশাককে সামনে আনা হয়।

সংসদে সংখ্যাগরিষ্ঠ দল দ্য সুইস পিপলস পার্টি প্রস্তাবের পক্ষে জোরালো অবস্থান নেয়। তাদের বিলি করা একটি প্রচারপত্রে বোরকা পরা এক নারীর চিত্র ব্যবহার করে লেখা হয়েছে—‘ইসলামি উগ্রবাদ

থামাও’।

অথচ বাস্তবতা হলো সুইজারল্যান্ডে সচরাচর বোরকা, নেকাব পরিহিত নারী তেমন একটা দেখা যায় না। তার পরও এমন প্রস্তাব ওঠা নিয়ে রাজনৈতিক বিতর্ক আছে।

এই বিষয়ে সুইস পিপলস পার্টির সংসদ সদস্য জ্যঁ-লুক অ্যাডোর বলেন, বোরকা পরা খুব বেশি নারী সুইজারল্যান্ডে নেই সেটি সৌভাগ্যের। তার যুক্তি— কোন বিদ্যমান সমস্যা নিয়ন্ত্রণের বাইরে যাওয়ার আগেই সমাধান করা উচিত।

তবে সরকার ও সংসদ এ নিয়ে দেশজুড়ে নিষেধাজ্ঞার বিপক্ষে ছিল। এর মাধ্যমে অকারণ ইসলামভীতি ছড়ানো হচ্ছে বলেও মত তাদের।

বিপক্ষের একটি প্রচারপত্রে বলা হয়েছে— অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও ইসলামভীতি ছড়ানো বোরকাবিরোধী আইনকে না বলুন।

পরকীয়া দেখে ফেলায় যুবককে ডেকে নিয়ে ছুরিকাঘাতে হত্যা

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলায় পরকীয়া দেখে ফেলায় ডেকে নিয়ে ছুরিকাঘাতে এক যুবককে হত্যার অভিযোগ পাওয়া গেছে। নিহত যুবকের নাম রাজু মিয়া (২০)।

রোববার রাত সাড়ে ৯টার দিকে পৌরশহরের দেবগ্রাম এলাকায় এ ঘটনা ঘটে।

এদিকে এ ঘটনায় পরকীয়া প্রেমিকাসহ ছয়জনকে আটক করেছে পুলিশ। ।

নিহত রাজু ওই গ্রামের দুলাল মিয়ার বাড়ির ভাড়াটিয়া বাসিন্দা আলমগীর মিয়ার ছেলে। তার গ্রামের বাড়ি নোয়াখালী জেলার রামগতি উপজেলার চরজগবন্ধু গ্রামে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কাজ শেষে রোববার রাত সাড়ে

৯টার দিকে বাড়িতে ফিরছিলেন রাজু মিয়া। এ সময় বাড়ির কাছ থেকে শুভ নামের ওই যুবক ডেকে নিয়ে যায় রাজুকে।

দেবগ্রামের স্টিল ব্রিজ এলাকার নির্জন স্থানে নিয়ে কিছু বুঝে ওঠার আগেই রাজুকে ছুরিকাঘাত করে শুভ। এতে গুরুতর আহত হন রাজু। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেন। অবস্থা আশঙ্কাজনক হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়ার পথে আশুগঞ্জ এলাকায় রাত সাড়ে ১২টার দিকে তার মৃত্যু হয়। তবে শুভর পরকীয়া দেখে ফেলায় রাজুকে হত্যা করা হয়েছে বলে নিহতের স্বজনরা জানিয়েছেন।

এ ঘটনার পর অভিযুক্ত শুভ পলাতক থাকলেও শুভর মা শাহনাজ বেগম (৩৫) ও পরকীয়া প্রেমিকাসহ (১৮) ছয়জনকে আটক করেছে পুলিশ।

অভিযুক্ত শুভ দেবগ্রামের শেখ রেজাউল করিমের বাড়ির ভাড়াটিয়া বাসিন্দা এবং ভ্যানচালক মহিউদ্দিন মিয়ার ছেলে।

নিহতের মা মনোয়ার বেগমের অভিযোগ, তিন মাস আগে পাশের বাড়ির এক কিশোরীর সঙ্গে রাতে শুভ পরকীয়ায় লিপ্ত হয়। এসময় আমার ছেলে সেটা দেখে ফেলে। এনিয়ে শুভর সঙ্গে রাজুর কথা কাটাকাটি হয়। এর জেরেই আমার ছেলেকে সে হত্যা করেছে। আমি এ হত্যা কাণ্ডের সুষ্ঠু বিচার চাই।

আখাউড়া থানার ওসি রসুল আহমদ নিজামী যুগান্তরকে জানান, এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন। হত্যাকাণ্ডের ঘটনায় জড়িত সন্দেহে আটকদের জিজ্ঞাসা করা হচ্ছে।

অভিযুক্ত শুভকে গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। মরদেহ উদ্ধার করে ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

মেয়রকে লক্ষ্য করে গুলি:

গৌরীপুরে আধাবেলা হরতাল

নবনির্বাচিত হ্যাটট্টিক বিজয়ী পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলামকে লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনায় ময়মনসিংহের গৌরীপুর পৌর এলাকায় ব্যবসায়ীদের ডাকে আধাবেলা হরতাল চলছে।

সোমবার সকাল ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত এ আধাবেলা হরতাল চলবে।

এদিকে হরতালের কারণে কাঁচাবাজার, মাছবাজার, ওষুধ ও খাবারের দোকানও বন্ধ রয়েছে। এখন পর্যন্ত পৌর বাসস্ট্যান্ড, অটোস্ট্যান্ড থেকে কোনো যানবাহন আন্তঃসড়কে চলাচল করেনি। হরতালের কারণে পুরো শহর রয়েছে ফাঁকা।

এ ছাড়া সকাল থেকে পৌর শহরের গুরুত্বপূর্ণ সড়কে পুলিশ মোতায়েন রয়েছে। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায়নি।

নাম প্রকাশে অনিচ্ছুক ব্যবসায়ীদের তথ্যে জানা যায়, গৌরীপুর পৌরসভার নবনির্বাচিত হ্যাট্টিক বিজয়ী পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলামকে হত্যার উদ্দেশ্যে রোববার গুলিবর্ষণ ও হামলার প্রতিবাদে এ হরতাল চলছে।

তবে পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলাম জানান, আমি বা আমার কোনো লোকজন হরতালের সঙ্গে সম্পৃক্ত নয়। আমাকে পৌরবাসী বিপুল ভোটে টানা তিনবার মেয়র পদে নির্বাচিত হয়েছেন। আমার ওপর হামলার ঘটনায় ব্যবসায়ীরা স্বপ্রণোদিতভাবে তারা দোকানপাট বন্ধ রেখেছেন, যানবাহনও চালাচ্ছেন না।

কাঁচাবাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মো. নজরুল ইসলাম জানান, নবনির্বাচিত হ্যাট্টিক বিজয়ী পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলামকে লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনায় আজকের আধাবেলার হরতাল ডাকা হয়। হরতাল ২টা পর্যন্ত চলবে।

ধান-পাট ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মো. হারুন-উর রশিদ যুগান্তরকে জানান, ব্যবসায় মন্দা চলছে, তাই আজকে তারা দোকানপাট বন্ধ রেখেছেন।

এর আগে রোববার সংবাদ সম্মেলনে পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলাম বলেন, বিগত নির্বাচনে পরাজিত করতে না পারায় আমি রাজনৈতিক প্রতিহিংসার স্বীকার। নির্বাচনের আগেও আমাকে একটি হত্যা মামলায়

আসামি করা হয়েছিল।

তিনি বলেন, ঐতিহাসিক ৭ মার্চের অনুষ্ঠানে বঙ্গবন্ধু চত্বরে পুষ্পমাল্য অর্পণ শেষে কার্যালয়ে ফিরে আসি। কার্যালয় থেকে বাসায় আসার মুর্হূতে ভবনের গেটে পাকা রাস্তায় আসতেই হত্যার উদ্দেশ্যে রোববার দুপুর ১টার দিকে গুলিবর্ষণ করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধা নাজিম উদ্দিন আহমেদ এমপি ছেলে তানজির আহমেদ রাজিবের নির্দেশে এ গুলি চালানো হয়।

আমি শুনেছি, রাজিব বলছে, ‘এই মেয়র চলে যাচ্ছে গুলি কর, গুলি কর’। এই কথা বলার পরে প্রথমে সহনাটী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান দুলাল আহাম্মেদ গুলি চালায়, এর পর গুলি করে শোয়েব মুনশী। আমাকে বাঁচাতে এসে পৌরসভার ৪নং ওয়ার্ড যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন দিলু (৩৫) ও যুবলীগকর্মী আল আমিন (৩১) আহত হন।

অপরদিকে সন্ধ্যায় ময়মনসিংহ প্রেসক্লাবে জাতীয় সদস্য সদস্য বীর মুক্তিযোদ্ধা নাজিম উদ্দিন আহমেদ এক সংবাদ সম্মেলন করেন। মেয়রের ওপর হামলা ও গুলিবর্ষণের অভিযোগ সত্য নয় উল্লেখ করে তিনি বলেন, ঐতিহাসিক ৭ মার্চের অনুষ্ঠানে অংশ নিতে গৌরীপুর আসার পথে গৌরীপুর বাসস্ট্যান্ড এলাকায় পৌর মেয়রের নেতৃত্বে এমপির গাড়িবহরে হামলা চালানো হয়েছে।

এমপি আরও জানান, নির্বাচনের পরেই পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলাম তাকে হুমকি দেন। এ ঘটনায় ময়মনসিংহ কোতোয়ালি থানায় তিনি জিডি করেছিলেন। বর্তমানে তিনি ও তার ছেলে তানজির আহমেদ রাজিব জীবনের নিরাপত্তাহীনতায় রয়েছেন। তিনি জীবনের নিরাপত্তা দাবি করেন।

এ প্রসঙ্গে গৌরীপুর থানার ওসি খান আব্দুল হালিম সিদ্দিকী জানান, ঘটনার আগে পরে কেউ গোলাগুলির শব্দ শোনেনি। আমরাও গুলিবর্ষণের কোনো খবর পাইনি। দুপক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে।

ময়মনসিংহ প্রেসক্লাব এমপির সংবাদ সম্মেলনের বিরুদ্ধে পাল্টা সংবাদ সম্মেলন ডেকেছে গৌরীপুর পৌর আওয়ামী লীগ। দুপুরে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বলে পৌর মেয়র সৈয়দ রফিকুল ইসলাম নিশ্চিত করেছেন।

খালেদা জিয়ার মুক্তির মেয়াদ কি বাড়ছে?

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার দণ্ড স্থগিত করে মুক্তির মেয়াদ বাড়ানো ও শর্ত শিথিলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করেছে তার পরিবার। মঙ্গলবার দুপুরে খালেদা জিয়ার ভাই শামীম এস্কান্দার এ আবেদন পৌঁছে দেন। সেই আবেদন এখন আইন মন্ত্রণালয়ে। আইনমন্ত্রী আবেদনে ইতিবাচক সুপারিশ করলে সেটি আবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাবে। এরপরই সাবেক এই প্রধানমন্ত্রীর সাজা স্থগিতের মেয়াদ বাড়বে কি বাড়বে না সেটি নিশ্চিত হওয়া যাবে।

খালেদা জিয়ার পরিবারের পক্ষ থেকে আবেদনের পরিপ্রেক্ষিতে আইনমন্ত্রী আনিসুল হক আজ সাজা ছয় মাস স্থগিত করে মতামত দেবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। গত বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে আইন মন্ত্রণালয়ে আবেদনটি পৌছায়।

এ প্রসঙ্গে গত বুধবার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল তার নিজ দফতর সাংবাদিকদের জানান, খালেদা জিয়ার দণ্ডটা বোধহয় শেষ হয়ে যাচ্ছে। সেজন্য তারা আবার সময়টা এক্সটেনশন করার জন্য, আরও কিছু শর্ত শিথিল করে এক্সটেনশন চেয়েছেন। পরিবারের পক্ষ থেকে করা বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার দণ্ড স্থগিতের মেয়াদ বাড়ানো, মওকুফ এবং শর্ত শিথিলের আবেদন পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। এখন মুক্তির মেয়াদ আরও বাড়ানোর আবেদনের বিষয়ে আইন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হবে।
তারা কী চেয়েছেন জানতে চাইলে মন্ত্রী বলেন, তারা তাদের পত্রে শর্ত আরও শিথিল করে, করোনাকালে চিকিৎসা নিতে পারেননি সেটি জানিয়েছেন। এছাড়া তার দণ্ডাদেশ মওকুফ করা যায় কি না সে বিষয়েও আবেদনে বলেছেন।

পরবর্তী প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে মন্ত্রী বলেন, আমরা তো বলছি এটা আমরা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য আইন মন্ত্রণালয়ে পাঠাব। আইন মন্ত্রণালয় থেকে মতামত এলে আমাদের যথাযোগ্যদের সঙ্গে আলাপ করে ব্যবস্থা নেওয়া হবে।